আন-নাযি'আত | An-Nazi'at | ٱلنَّازِعَات

আয়াতঃ ৭৯ : ২৯

আরবি মূল আয়াত:

وَ اَغطَشَ لَیلَهَا وَ اَخرَجَ ضُحٰهَا ﴿۲۹﴾

অনুবাদসমূহ:

আর তিনি এর রাতকে অন্ধকারাচ্ছন্ন করেছেন এবং এর দিবালোক প্রকাশ করেছেন। — আল-বায়ান

তিনি তার রাতকে আঁধারে ঢেকে দিয়েছেন, আর তার দিবালোক প্রকাশ করেছেন। — তাইসিরুল

এবং তিনি ওর রাতকে অন্ধকারাচ্ছন্ন করেছেন এবং ওর জ্যোতি বিনির্গত করেছেন। — মুজিবুর রহমান

And He darkened its night and extracted its brightness. — Sahih International

২৯. আর তিনি এর রাতকে করেছেন অন্ধকারাচ্ছন্ন এবং প্রকাশ করেছেন এর সূর্যালোক;

-

তাফসীরে জাকারিয়া

২৯। এবং তিনি এর রজনীকে অন্ধকারাচ্ছন্ন করেছেন এবং (দিবসে) এর সূর্যালোক প্রকাশ করেছেন।[1]

[1] أغطشমানে أظلمঅর্থাৎ আঁধার করা এবং أخرجমানে أبرزঅর্থাৎ প্রকাশ করেছেন। আর نهارها-এর স্থানে ضحاهاশব্দ এই জন্য বলা হয়েছে যে, চাশতের সময়টা হল খুবই উত্তম ও উৎকৃষ্ট সময়। এর ভাবার্থ হল, দিনকে সূর্য দ্বারা উজ্জ্বলময় করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5741

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন